**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 18-02-2026** **Desk in Charge : SDG**

**Time : 7-50 PM** **Compiling : Saibal B./ Subhra C.**

**DEO: KB** **NRT : Subhra C.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের ১৫২-তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ নদীয়ার মায়াপুরে ইস্কন মন্দির দর্শন করেন।

২/ নির্বাচন কমিশন আজ, ১০ টি রাজ্যের রাজ্যসভার ৩৭ টি আসনের জন্য ভোট গ্রহণের সূচী ঘোষণা করেছে।

৩/ দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় উদ্ধার হ ওয়া দেহাংশগুলির মধ্যে এপর্যন্ত ১৮ জনের DNA ম্যাচিং সম্পন্ন হয়েছে।

৪/ রাষ্ট্রসংঘের খাদ্য ও কৃষি সংগঠন–FAO, পশ্চিমবঙ্গের সুগন্ধি গোবিন্দভোগ,

তুলাইপাঞ্জি এবং কণকচূড় চালকে খাদ্যসংস্কৃতির- 'হেরিটেজ' তকমা দিয়েছে।

৫/ আজ রাত থেকে দেশ জুড়ে শুরু হচ্ছে পবিত্র রমযান মাস।

৬/ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে আগামীকাল ঠাকুর শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের ১৯১-তম জন্মতিথি উদ্‌যাপিত হবে।

*****************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা বর্ষীয়ান বিজেপি নেতা অমিত শাহ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের ১৫২ তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ নদীয়ার মায়াপুরে ইস্কন মন্দির দর্শন করেন। এখানে যে বৈদিক প্লেটোরিয়াম তৈরী হচ্ছে, তার জন্য ধর্মপ্রান মানুষ অপেক্ষা করে রয়েছেন। ইস্কনের সেবামূলক কাজের প্রশংসা করে স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, তিনি মায়াপুরে এসেছেন, দেশের স্বরাষ্ট্র মন্ত্রী হিসাবে নয়, শ্রী চৈতন্যের একজন ভক্ত হিসাবে। মায়াপুরে আসার আগে তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন এবং প্রধানমন্ত্রী সব ভক্তদের শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী চৈতন্য মহাপ্রভু ভক্তি আন্দোলনের যে সূচনা করেছিলেন, তাকেই এগিয়ে নিয়ে গেছেন প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুর।

( বাইট- অমিত শাহ )

তিনি মতুয়া সম্প্রদায়ের দুই গুরু হরিচাঁদ ঠাকুর এবং গুরুচাঁদ ঠাকুরের প্রসঙ্গ উল্লেখ করে বলেন, তাঁরাও গোটা বিশ্বে ভক্তি আন্দোলনকে ছড়িয়ে দিয়েছেন।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য ও ইস্কনের পদস্থ কর্তারা।

*******************

নির্বাচন কমিশন আজ ১০ টি রাজ্যে, রাজ্যসভাযর ৩৭ টি আসনের জন্য ভোটগ্রহণ সূচী ঘোষণা করেছে। আগামী ২৬ শে ফেব্রুয়ারি এই নির্বাচনের জন্য আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে। মনোনয়ন পত্র পেশ করা যাবে পাঁচই মার্চ পর্যন্ত। ৬ই মার্চ জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৯ ই মার্চ। ১৬ ই মার্চ ভোট নেওয়া হবে। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, সকাল ৯ টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ভোট নেওয়া হবে। ঐদিনই বিকেল পাঁচটা থেকে ভোট গণনার কাজ শুরু হবে।

উল্লেখ্য, কেন্দ্রীয় মন্ত্রী রামনাথ ঠাকুর, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, এনসিপি নেতা শরদ পাওয়ার, তৃণমূল কংগ্রেসের সাকেত গোখেল, ঋতব্রত বন্দ্যোপাধ্যায় এবং

সুব্রত বক্সি, সিপিআইএম-এর বিকাশ রঞ্জন ভট্টাচার্য্য, এবং রাজ্যসভা থেকে ইস্তফা দেওয়া মৌসম বেনজির নূরের কার্যকালের মেয়াদ শেষ হচ্ছে আগামী দোসরা এপ্রিল।

*******************

কলকাতা হাইকোর্ট, রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগের শারীরিক উচ্চতা যাচাই (PMT) পরীক্ষা পুনরায় গ্রহণ করার একাধিক আবেদন খারিজ করে দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা আজ জানিয়েছেন, প্রায় ৪৩ হাজার প্রার্থী শারীরিক উচ্চতা যাচাই পর্যায়ে বাদ পড়েছে। তাদের প্রত্যেককেই একই মানদণ্ডে বিশেষ পদ্ধতিতে (অটোমেটিক স্টেডিও মিটারে) শারীরিক উচ্চতা যাচাই করা হয়েছে। ফলে এখন কয়েকজনকে আবেদনের সুযোগ দেওয়া হলে, তাহলে পুরো নিয়োগ প্রক্রিয়াতেই নতুন করে জটিলতা তৈরি হতে পারে।

উল্লেখ্য, কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত ভট্টাচার্য কিছুদিন আগেই রিক্রুটমেন্ট বোর্ডকে নতুন করে লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের বিস্তারিত নম্বর এবং ক্যাটেগরি সহ তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছিলেন।পাশাপাশি বেশ কিছু প্রার্থীর শারীরিক উচ্চতাও পুনরায় যাচাই করতে বলেন তিনি। রাজ্য ইতিমধ্যেই সেই নির্দেশের বিরুদ্ধে ডিভিশন বেঞ্চে আপিল করেছে । সেই মামলারও চলতি সপ্তাহেই শুনানির সম্ভাবনা ।

*******************

আই-প্যাক কর্ণধার প্রতীক জৈনের পার্কস্ট্রিটের বাড়ি ও সল্টলেকের অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে দায়ের হওয়া মামলার শুনানি ফের পিছিয়ে গেল। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চে কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা এদিন আদালতে জানিয়েছেন রাজ্য যে হলফনামা দিয়ে বক্তব্য জানিয়েছে তার পালটা বক্তব্য আজ কেন্দ্রের পক্ষ থেকে আদালতে জমা দেওয়া হবে।তাই শুনানি অন্য কোন দিন করার আর্জি জানিয়েছিলেন তিনি। তারপরই সব পক্ষের সম্মতিতে মামলাটি দোলপূর্ণিমার পর ১৮ই মার্চ শুনানির জন্য রাখা হয়েছে।

*******************

কলকাতা হাইকোর্টের বিচারপতি রাই চট্টোপাধ্যায় আজ বাম আমলে শিক্ষা দপ্তরে বেআইনি পুনর্নিয়োগ সংক্রান্ত একটি মামলায় তদন্তের নির্দেশ দিয়েছেন। বিচারপতি তাঁর রায়ে বলেছেন, আইন বিরুদ্ধ এই নিয়োগের জন্য ২০১০ সালে যিনি রাজ্যের শিক্ষামন্ত্রী ছিলেন, তাঁকে তদন্তের আওতায় আনা যেতেই পারে।

*******************

একাদশ দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের প্রথম দফার কাউন্সেলিংয়ের সময়সূচী প্রকাশ করেছে পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন। আগামী ২৪ ফেব্রুয়ারি থেকে সল্টলেকে কমিশনের প্রধান কার্যালয়ে কাউন্সেলিং প্রক্রিয়া হবে। প্রথম দফায় জন্য প্রায় ২০০ জন প্রার্থীকে কাউন্সেলিংয়ে ডাকা হবে বলে কমিশন সূত্রে জানা গেছে। কাউন্সেলিংয়ের জন্য আহ্বানপত্র বা কল লেটার চলতি মাসের ২০ তারিখ থেকে কমিশনের ওয়েবসাইট www.westbengalssc.com থেকে ডাউনলোড করা যাবে। পাশাপাশি, এই দফায় শূন্যপদের সংখ্যাও চলতি মাসের ২০ তারিখেই কমিশনের ওয়েবসাইটে প্রকাশিত হবে। অন্যান্য বিষয়ের কাউন্সেলিংয়ের সময়সূচীও যথাসময়ে প্রকাশ করা হবে বলে কমিশনের ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

একাদশ ও দ্বাদশের মেধা তালিকায় ১৮ হাজার ২২৭ প্রার্থীর নাম প্রকাশ করা হয়। ১২ হাজার ৪৪৫ টি শূন্যপদের জন্য শিক্ষক নিয়োগ হবে। গত বছর ১৪ সেপ্টেম্বর পরীক্ষা হয়েছিল। পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ২৯ হাজার ৬০৬ জন।

*******************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় "বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা"। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায় এর সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*******************

রাষ্ট্রসঙ্ঘের খাদ্য ও কৃষি সংগঠন –এফএও পশ্চিমবঙ্গের সুগন্ধি গোবিন্দভোগ, তুলাইপাঞ্জি এবং কনকচূড় চালকে খাদ্য-সংস্কৃতির 'হেরিটেজ' তকমা দিয়েছে। এ ছাড়া আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে রাজ্য সরকারের আন্তর্বিভাগীয় প্রকল্প 'মাটির সৃষ্টি'। এই প্রকল্পের মাধ্যমে পশ্চিমের জেলাগুলির অনাবাদি জমিতে ফসল ফলানোর কৌশল আয়ত্ত করা হয়েছে। রাজ্য সরকারের ভূমি, সেচ এবং পঞ্চায়েত দফতরের সম্মিলিত প্রয়াসে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। অনাবাদি, শুষ্ক ও একফসলি জমিকে উর্বর করে তুলতে রাজ্যের তিন ব্লক রায়গঞ্জ ১, জয়নগর ২ এবং রায়না ব্লককে স্বীকৃতি দিয়েছে এফএও। এই প্রকল্পকে স্বীকৃতি দিয়ে রাষ্ট্রসংঘ রাজ্যকে যে শংসাপত্রটি দিয়েছে, তা সমাজমাধ্যমে পোস্ট করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। অন্যদিকে রাজ্যের সুপরিচিত সুগন্ধি ধান—গোবিন্দভোগ, তুলাইপাঞ্জি ও কানকচূড়— খাদ্য ও সংস্কৃতি ঐতিহ্যের স্বীকৃতি পাওয়ায় মুখ্যমন্ত্রী উচ্ছাস প্রকাশ করেছেন । তিনি বলেন, এই আন্তর্জাতিক স্বীকৃতি প্রাকৃতিক ঐতিহ্য, জীববৈচিত্র্য এবং খাদ্য ও সংস্কৃতি সংরক্ষণে বাংলার উদ্যোগেরই সম্মান। মুখ্যমন্ত্রী এই সম্মান রাজ্যের গ্রামীণ সমাজ, বিশেষ করে কৃষকদের উৎসর্গ করেছেন।

*******************

নরেন্দ্রপুরের নাজিরাবাদের বিধ্বংসী অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্ধার হওয়া দেহাংশগুলির ডিএনএ পরীক্ষার রিপোর্ট আজ বিকেলে বারুইপুর পুলিশ জেলায় এসে পৌঁছেছে। পুলিশ সূত্রে জানা গেছে, এখনও পর্যন্ত ১৮ জনের ডিএনএ ম্যাচিং সম্পন্ন হয়েছে। অগ্নিকাণ্ডের পর ঘটনাস্থল থেকে মোট ২৭ জনের দেহাংশ উদ্ধার করা হয়েছিল। মৃতদের পরিচয় নিশ্চিত করতে সব নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়। পাশাপাশি নিখোঁজ শ্রমিকদের পরিবারের সদস্যদের ডিএনএ নমুনাও সংগ্রহ করা হয়েছিল মিলিয়ে দেখার জন্য। দীর্ঘ প্রতীক্ষার পর রিপোর্ট আসায় প্রশাসন মৃতদের পরিচয় চূড়ান্ত করার প্রক্রিয়া শুরু করেছে। বারুইপুর পুলিশ জেলার পক্ষ থেকে জানানো হয়েছে, দ্রুত

সংশ্লিষ্ট পরিবারের হাতে ডিএনএ ম্যাচিংয়ের রিপোর্ট তুলে দেওয়া হবে। বাকি নমুনার পরীক্ষার কাজও চলছে বলে পুলিশ জানিয়েছে।

*******************

দক্ষিণ ২৪ পরগণার মহেশতলার বাদামতলায় একটি এমব্রয়ডারি কারখানায় আজ দুপুরে  ভয়াবহ অগ্নিকাণ্ডে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। মহেশতলা পুরসভার ৫ নম্বর ওয়ার্ডে আচমকা আগুন লাগে কারখানাটিতে। আগুনে পুড়ে ছাই হয়ে যায় একাধিক এমব্রয়ডারি মেশিন ও বিপুল পরিমাণ কাঁচা কাপড়। স্থানীয় বাসিন্দারা প্রথমে আগুন নেভানোর চেষ্টা করেন। ঘটনাস্থলে পৌঁছায় রবীন্দ্রনগর থানার পুলিশ ও দমকলের দুটি ইঞ্জিন। দীর্ঘ চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা হয়। কারখানার মালিক শেখ মাজিদ জানান, ঈদের শুরুতেই এই দুর্ঘটনায় বড়সড় আর্থিক ক্ষতির মুখে পড়েছেন তিনি। প্রাথমিকভাবে অনুমান, উচ্চ ভোল্টেজ বিদ্যুৎ ব্যবহারের ফলে শর্ট সার্কিট থেকেই আগুনের সূত্রপাত। ঘটনায় তদন্ত শুরু করেছে পুলিশ ও দমকল বিভাগ।

*******************

দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ের চাঁদপুর এলাকায় গত সন্ধ্যায় রাসায়নিক ভর্তি ড্রামে বিস্ফোরণের ফলে চার জন বালক গুরুতর আহত হয় । এঁদের প্রত্যেকেরই বয়স ৮ থেকে ৯ বছরের মধ্যে। একজনের শরীর প্রায় ৯০ শতাংশ পুড়ে গেছে বলে পুলিশ সূত্রে খবর। তিনজনকে এম আর বাঙ্গুর ও একজনকে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস গতকাল ঘটনাস্থল পরিদর্শন করেন।

উল্লেখ্য, গতকাল ভাঙড়ের চাঁদপুর এলাকায় জেলা পরিষদের আর্থিক সহায়তায় রাস্তা নির্মাণের কাজ চলাকালীন এই রাসায়নিক ভর্তি ড্রাম উল্টে দুর্ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থল ঘিরে রেখেছে।

*******************

গতকাল আরব সহ মধ্যপ্রাচ্যে রমযান মাসের চাঁদ দেখা দেওয়ায় প্রথা মেনে আজ রাত থেকে দেশ জুড়ে শুরু হচ্ছে পবিত্র মাহে রমযান।

পবিত্র রমজান মাসের শুভ সূচনায়  মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। পবিত্র রমজান মাস ও ঈদুল ফিতর উপলক্ষে রাজ্যে রেশন দোকানে চাল চিনি ইত্যাদি খাদ্য পণ্যের বিশেষ বরাদ্দ অথবা সাশ্রয়ী মূল্যে সরবরাহের আবেদন জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে চিঠি দিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

মুর্শিদাবাদে রমযান মাস উপলক্ষে বিশেষ প্রস্তুতি ও ধর্মীয় সংস্কৃতির উদযাপন শুরু হয়েছে। এসম্পর্কে আমাদের প্রতিনিধি মামুন ফারুক জানাচ্ছেন ।

*******************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে আগামীকাল ঠাকুর শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের ১৯১-তম জন্মতিথি উদ্‌যাপিত হবে।

বেলুড় মঠে ভোর সাড়ে চারটেয় মঙ্গলারতির মধ্য দিয়ে শুরু হবে উদ্‌যাপন অনুষ্ঠান। এরপর ঊষা কীর্তন, বিশেষ পুজাপাঠ, রামকৃষ্ণদেবের জীবনাদর্শ ও বাণী আলোচনা সহ নানা অনুষ্ঠানেওর আয়োজন করা হয়েছে। ঠাকুরের জন্মস্থান কামারপুকুরে আগামীকাল শুরু হচ্ছে তিনদিন ব্যাপী আবির্ভাব উৎসব। এই উপলক্ষ্যে বেলুড় মঠ ও কামারপুকুরে বিপুল ভক্ত সমাগম হবে।

ঠাকুরের জন্ম তিথি উপলক্ষ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে সমাজমাধ্যমে এক বার্তায় বলেছেন, আধ্যাত্মিকতা ও নৈতিক জীবনচর্চার মাধ্যমে রামকৃষ্ণদেব মানুষকে জীবনের দিশা দেখিয়েছেন।

*******************

বাংলাকে  হারিয়ে জম্মু ও কাশ্মীর, রঞ্জি ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। কল্যাণীতে পাঁচ দিনের সেমিফাইনালের আজ চতুর্থ দিনে জম্মু ও কাশ্মীর ছয় উইকেটে বাংলাকে পরাজিত করে প্রথমবার ফাইনালে পৌঁছেছে।

জয়ের জন্য প্রয়োজন ছিল ১২৬ রান। জম্মু ও কাশ্মীর দুই উইকেটে ৪৩ রান নিয়ে আজ দ্বিতীয় ইনিংস শুরু করে চার উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। বংশজ শর্মা ৪৩ এবং আব্দুল সামাদ ৩০ রানে অপরাজিত থাকেন।

খেলার সংক্ষিপ্ত স্কোর - বাংলা - ৩২৮ ও ৯৯ । জম্মু ও কাশ্মীর - ৩০২ ও চার উইকেটে ১২৬ রান।

***********************************************************************